দৈনিক সংবাদ

তারিখ - DEC. 27 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** রাজধানীর সরকারি স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। গতকাল ঢাকার ৮টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গতকাল পরীক্ষা চলাকালে স্কুলগুলোতে গিয়ে দেখা গেছে, উদ্বেগাকুল অভিভাবক আর উৎকণ্ঠিত ছাত্রছাত্রীদের ভিড় সামলাতে গিয়ে পুলিশ এবং স্কুল শিক্ষকদের রীতিমতো হিমশিম খেতে হচ্ছে।

এবছর রাজধানীর ২৪টি সরকারি উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণীতে ভর্তি পরীক্ষার জন্য প্রায় ৩৫ হাজার ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে অংশ নিচ্ছে। অথচ স্কুলগুলোতে বিভিন্ন শ্রেণীতে শূন্য আসন সংখ্যা ৬ হাজার ৯শ ৮২টি।

গতকাল যে ভর্তিযুদ্ধ শুরু হয়েছে তা শেষ হবে আগামীকাল মঙ্গলবার। ২৪টি সরকারি স্কুলকে ৩টি গ্রুপে ভাগ করে ৩ দিনে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি গ্রুপে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে দু শিফটে ভর্তি পরীক্ষা হচ্ছে।

ভর্তি ঃ পৃঃ ২ কঃ ৪

# ভর্তি ঃ সরকারি স্কুলে পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

গতকাল ঢাকায় ৮টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গভঃ ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর উচ্চ বিদ্যালয়, মতিঝিল উচ্চ বালিকা বিদ্যালয়, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস স্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর উচ্চ বালক বিদ্যালয়ে সকাল ১০টায় ভর্তি পরীক্ষা শুরু হয়।

সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত ১ম থেকে ৫ শ্রেণীর ছাত্রছাত্রীদের এবং দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত ষষ্ঠ থেকে ৯ম শ্রেণীর ছাত্রছাত্রীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গতকাল ভর্তি পরীক্ষা চলাকালে স্কুল-গুলোতে গিয়ে দেখা গেছে, স্কুলগুলো উদ্বেগাকুল অভিভাবকের ভিড় জনসমুদ্রে পরিণত হয়েছে। ভিড় সামলাতে স্কুলগুলোতে পুলিশ মোতায়েন করা হয়। মাইকে নির্দেশনা দেয়া হয়।

গভঃ ল্যাবরেটরি স্কুলে স্কুল ভবনের সামনে বাঁশ দিয়ে বেষ্টনী দিয়ে অভি-ভাবকদের সামলাতে হয়েছে। স্কুলে পুলিশ মোতায়েন করা হয়। পরীক্ষাশেষে ভর্তি হতে আগ্রহী শিশু-কিশোরদের অভিভাবকের হাতে ঠিকঠিকভাবে তুলে দেয়ার জন্য মাইকে নির্দেশনা দেয়া হয়।

দুরন্ত শিশুদের সামলাতে পুলিশ এবং শিক্ষকদের হিমশিম খেতে হয়েছে। পরীক্ষা শেষ হওয়ার পরপরই শিশুরা পরীক্ষা কক্ষ থেকে ছুটে বেরিয়ে গেলে অপেক্ষমাণ অভিভাবকদের মধ্যে উৎকণ্ঠা ছড়িয়ে পড়ে। পরে অবশ্য শিক্ষক এবং পুলিশের তৎপরতায় অভিভাবকরা নিরুদ্বিগ্ন হন। নাম এবং রোল নম্বর মাইকে ঘোষণা দিয়ে অভিভাবকদের হাতে শিশুদের তুলে দেয়া হয়। একই পরিস্থিতি অন্য স্কুলগুলোতেও দেখা গেছে।

গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত স্কুলগুলোতে বিভিন্ন শ্রেণীতে শূন্য আসন সংখ্যা গভঃ ল্যাবরেটরি হাইস্কুলে ২শ ৬। জন, মিরপুর উচ্চ বিদ্যালয়ে ৪শ ২২ মতিঝিল উচ্চ বালিকা বিদ্যালয়ে ১শ ৪৫ খিলগাঁও উচ্চ বিদ্যালয়ে ১শ ২২, নবাবপুর উচ্চ বিদ্যালয়ে ২শ ৮০, নিউ গভঃ গার্লস স্কুলে ২শ, ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ে ১শ ২০টি এবং মোহাম্মদপুর উচ্চ বালক বিদ্যালয়ে ১শ ২০টি।

আজ সোমবার মতিঝিল বালক উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম স্কুল, বাংলাবাজার বালিকা বিদ্যালয়, শেরে বাংলা নগর বালক বিদ্যালয়, বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি বালিকা বিদ্যালয়, নারিন্দা উচ্চ বিদ্যালয় এবং আরমানিটোলা উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই স্কুলগুলোতে বিভিন্ন শ্রেণীতে শূন্য আসন সংখ্যা যথাক্রমে ৩শ, ২শ ২, ১শ ৪৫, ৩শ ৬৮, ৫শ ২৯, ২শ ১৫, ৪শ ৫৮ এবং ২শ ৭০টি।

সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত ১ম থেকে ৫ম শ্রেণীর ভর্তি পরীক্ষা এবং দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত ষষ্ঠ থেকে ৯ম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আগামীকাল মঙ্গলবার যে ৮টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলো এবং তার শূন্য আসন সংখ্যা ধানমন্ডি বালক উচ্চ বিদ্যালয় ৪২১, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ২৩৪, কলেজিয়েট স্কুল ৪৩৪, কামরুন্নেসা বালিকা বিদ্যালয় ৩১৭, কামরুন্নেসা সরকারি উচ্চ বিদ্যালয় ৩০০, তেজগাঁও বালিকা বিদ্যালয় ৩৮৩, তেজগাঁও বালক বিদ্যালয় ২৬০ এবং গণভবন উচ্চ বিদ্যালয় ৫০৩।